

প্রেস রিলিজ
২৭ ফেব্রুয়ারি ২০২৫

বাউবিতে গাড়ি চালকদের জন্য "নিরাপদ গাড়ি চালনা ও শিষ্টাচার" বিষয়ক প্রেষণামূলক কর্মশালা:

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল আয়োজিত গাড়ি চালক ও গাড়ি চালকের সহকারীদের অংশগ্রহণে "নিরাপদ গাড়ি চালনা ও শিষ্টাচার" বিষয়ক প্রেষণামূলক এক দিনব্যাপী কর্মশালা ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বৃহস্পতিবার বাউবির গাজীপুরস্থ শিক্ষক সেমিনার হলে অনুষ্ঠিত হয়।



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবির ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। প্রধান অতিথির বক্তব্য তিনি বলেন, নিরাপদ গাড়ি চালনার জন্য প্রয়োজন সুস্থ চোখ ও মন। যদি চোখ ও মন ভালো থাকে তবেই একজন গাড়ী চালক ভালোভাবে গাড়ী চালাতে পারবে। সড়কে নিরাপত্তার সাথে সঠিক নিয়ম শৃঙ্খলা ও শিষ্টাচার মেনে গাড়ি চালনা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। প্রতিটি সড়কে গাড়ি চালানোর জন্য নির্দিষ্ট কিছু নিয়ম অনুসরণ করা প্রয়োজন। গাড়ী চালনার বিষয়ে যত অভিজ্ঞতা বাড়বে তত বেশি আপনার আত্ম-বিশ্বাস বাড়বে। তিনি নিরাপদ গাড়ি চালনার জন্য শিষ্টাচারের গুরুত্বারোপ করে বলেন, শিষ্টাচার সামাজিক ও পেশাগত আচরণ নিয়ন্ত্রণ করে। শিষ্টাচার মানুষের ব্যক্তিত্বের বিকাশ ঘটায়। ভালো শিষ্টাচার মানুষকে সম্মানিত করে। শিষ্টাচার শুধু ব্যক্তি জীবনে নয় গোটা সমাজ ও মানবজাতির জন্য গুরুত্বপূর্ণ। এ ছাড়াও তিনি প্রশিক্ষণার্থী গাড়িচালক ও সহকারীদেরকে কর্মশালায় রিসোর্স পারসনদের প্রদত্ত প্রশিক্ষণ মনোযোগ সহকারে আয়ত্ত্ব করে তা নিজ নিজ কর্মক্ষেত্রে যথাযথভাবে অনুসরণ ও প্রয়োগ করার আহ্বান জানান।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এর সভাপতিত্বে কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে নিরাপদ গাড়ী চালনা বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন বিআরটিসি এর জিএম (আইসিডব্লিউএস ও প্রশিক্ষণ) ফাতেমা বেগম ও শিষ্টাচার বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন বাউবির প্রশাসন বিভাগের যানবাহন শাখার যুগ্ম-পরিচালক মোঃ মেজবাহ উদ্দিন।

আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান এর সঞ্চালনায় কর্মশালায় উপস্থিত ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মামুনুর রশিদ।

বাউবির গাজীপুর ক্যাম্পাসে কর্মরত গাড়ী চালক ও গাড়ি চালকের সহকারী মিলে মোট ৩৩ জন প্রশিক্ষণার্থী কর্মশালায় অংশগ্রহণ করেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)